

ই-মেইল :

পাসওয়ার্ড :

পাসওয়ার্ড ভুলে গেলে এখানে ক্লিক করুন

সাইনইন

বন্ধ করুন (ESC চাপুন অথবা বাইরে ক্লিক করুন)

নিবন্ধিত হোন

# যায়যায়দিন

১৯৮৪ থেকে

ঢাকা  
তাপমাত্রা : ৩০° সেলসিয়াস

প্রথম পাতা অর্থ-বাণিজ্য বিদেশ খেলাধুলা স্বদেশ বিনোদন মহানগর হৃদয়ে চট্টগ্রাম শেষের পাতা সম্পাদকীয়-উপসম্পাদকীয় মুক্তকথা কৃষি ও সস্তাবনা

হোম পেজ প্রথম পাতা

পূর্ববর্তী সংবাদ মতামত: ০ পেশার পরবর্তী সংবাদ

## ঘোষণা দিয়ে রাজধানীতে হিববুত তহ্রীরের মিছিল

যাযাদি রিপোর্ট



শনিবার ঢাকার বিজয়নগরে হিববুত তহ্রীরের মিছিল থেকে এক কর্মীকে গ্রেপ্তার করে নিয়ে যায় পুলিশ\_যাযাদি

ঘোষণা দিয়েই রাজধানীতে মিছিল করেছে নিষিদ্ধ ঘোষিত হিববুত তহ্রীর। তবে পুলিশ লাঠিচার্জ করে তাদের ছত্রভঙ্গ করে দিয়েছে। কেড়ে নিয়েছে ব্যানার। ঘটনাস্থল থেকে আটক করা হয়েছে ১৪ জন নেতাকর্মীকে। এছাড়া শাহবাগ থানা পুলিশ অন্য ২ হিববুত সদস্যকে গ্রেপ্তার করেছে। এ সময় এক পুলিশ কর্মকর্তাসহ আহত হয়েছেন কমপক্ষে ৭ জন। শনিবার দুপুরের দিকে রাজধানীর পল্টন এলাকায় এ ঘটনা ঘটে। এর আগে সতর্কতার অংশ হিসেবে মুক্তাঙ্গনের আশপাশে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। জানা গেছে, গতকাল মুক্তাঙ্গনে সমাবেশ করার জন্য কয়েক দিন আগেই ঘোষণা দেয় হিববুত তহ্রীর। কিন্তু তাদের সমাবেশ ঠেকানোর সব ধরনের প্রস্তুতি নেয় ঢাকা মহানগর পুলিশ। সকাল ৬টা থেকেই পুলিশের বিপুলসংখ্যক সদস্য মুক্তাঙ্গনের সামনে, পল্টন মোড়সহ আশপাশের এলাকায় অবস্থান নেয়। এ সময় হিববুত তহ্রীরের প্রায় অর্ধশত নেতাকর্মীও পুরানা পল্টন লেনের গলিতে অবস্থান নেন। দুপুর ১২টা ৩৫ মিনিটে হঠাৎ করেই তারা বিজয়নগর এলাকা থেকে একটি মিছিল নিয়ে মুক্তাঙ্গনের দিকে যান।

মিছিলটি পল্টন মোড় সংলগ্ন মরণ চাঁদ মিষ্টির দোকানের সামনে গেলে পুলিশ বাধা দেয় এবং মিছিলে লাঠিচার্জ শুরু করে। এতে মিছিলকারীরা ছত্রভঙ্গ হয়ে যায়। কেউ কেউ বিজয়নগরের দিকে দৌড়ে পালিয়ে যায়। পুলিশ মিছিলকারীদের আটকের চেষ্টা করলে শুরু হয় ধস্তাধস্তি। এখান থেকে পুলিশ ৫ জনকে গ্রেপ্তার করে। মিছিলের একটি অংশ পেট্রল পাম্পের গলিতে ঢুকে পড়ে। সেখান থেকে তারা আবারো মিছিল করে পল্টন মোড়ের দিকে যাওয়ার চেষ্টা করলে পুলিশ আবারো লাঠিচার্জ শুরু করে। হিববুত তহ্রীরের কর্মীরাও পুলিশকে মারধর করে। এ সময় তাদের মারধরে গুরুতর আহত হন মতিবিল এলাকার প্যাট্রোল ইন্সপেক্টর হাজ্জাত। অন্য পুলিশ সদস্যরা তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে ভর্তি করেন। পুলিশের লাঠিপেটায় হিববুত তহ্রীরের এক সদস্যের মাথা ফেটে যায়। এ সময় পুলিশ আরো ৬ হিববুত তহ্রীর কর্মীকে গ্রেপ্তার করে। এরপর পল্টন মোড় থেকে গ্রেপ্তার করে আরো ৩ জনকে।

গ্রেপ্তারের পর প্রিজন্স ভ্যানের ভেতর থেকে হিববুত তহ্রীরের সদস্যরা বর্তমান সরকার ও শেখ হাসিনার বিরুদ্ধে চিৎকার করে বিবোধগার করতে থাকেন। সাব্বিবর নামে এক হিববুতকর্মী চিৎকার করে বলতে থাকেন, এভাবে তাদের দমন করা যাবে না। খিলাফত আসছে। শেখ হাসিনা এদেশে খিলাফতের বিরুদ্ধে কাজ করছেন। তাই তারা হিববুত তহ্রীর খিলাফত প্রতিষ্ঠার আন্দোলন চালিয়ে যাবেন। এভাবে পিটিয়ে ও গ্রেপ্তার করে হিববুতসহ ইসলামপন্থীদের দমন করা যাবে না।

ঢাকা মহানগর পুলিশের মতিবিল জোনের ডিসি আনোয়ার হোসেন জানান, হিববুত তহ্রীর একটি নিষিদ্ধ সংগঠন। এ সংগঠন মিছিল বের করলে পুলিশ মিছিলে বাধা দেয় এবং কয়েকজন কর্মীকে আটক করে।

পল্টন থানার ডিউটি অফিসার রওশন আরা জানান, হিববুতের ১৪ নেতাকর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। তবে তাদের নাম বা অন্য কোনো তথ্য দেয়া যাবে না।

ঘটনার সময় পল্টন এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। কিছুক্ষণের জন্য থেমে যায় যানবাহন চলাচল। আশপাশের দোকানপাট বন্ধ হয়ে যায়। তবে কিছুক্ষণ পর পরিস্থিতি আবার স্বাভাবিক হয়ে আসে।

( লেখাটি পড়েছেন ২২৩৮ জন )

পূর্ববর্তী সংবাদ পরবর্তী সংবাদ

এই প্রতিবেদন সম্পর্কে আপনার মতামত দিতে এখানে ক্লিক করুন

হোম পেজ প্রথম পাতা

ইউনিজয় ফনেটিক

অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার পূর্ণ বিবরণ

ফাইল ১  
ফাইল ২  
ফাইল ৩  
ফাইল ৪

প্রথম পাতা -এর আরো সংবাদ

- সড়ক দুর্ঘটনায় তারেক মাসুদ ও মিশুক মুনিরসহ নিহত ৫
- বিদেশীদের দখলে বাংলার আকাশ
- উত্তরার বন্দুকযুদ্ধ : অনেক কিছু এখনো পরিষ্কার নয়
- মহাখালী থেকে উত্তরাঞ্চলে বাস চলাচল এখনো বন্ধ
- আজ শহীদ মিনারে সর্বসাধারণের শ্রদ্ধা নিবেদন
- সফরে মনমোহনের কাছে বেশি সময় চাইছে ঢাকা
- মানবাধিকার কমিশন প্রধানের বিদেশে যেতেও অনুমতি লাগবে
- প্রধানমন্ত্রীর নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন অ্যাটর্নি জেনারেল
- চাঁপাইনবাবগঞ্জে নকল ওষুধের কারখানা
- অ মু ত ব চ ন
- ক্যাথরিন মাসুদ আশঙ্কামুক্ত
- সবরের প্রতিদান জামাত
- আন্তর্জাতিক শ্রমিকদের বিক্ষোভ
- রাবিতে দুর্ভোগের হামলায় ছাত্রলীগকর্মী গুরুতর আহত
- যশোর অঞ্চলের ৫ হাজার চাতালে চাল উৎপাদন বন্ধ : কর্মহীন ৪০ হাজার শ্রমিক
- আইন, সরকার ও পুলিশের ওপর জনগণের আস্থা নেই : এরশাদ
- সাংবিধানিক কমিশনের নিয়োগে বিশেষ সংসদীয় কমিটি গঠনের প্রস্তাব টিআইবিবির
- গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ধসে পড়তে পারে যে কোনো মুহূর্তে
- পত্নীতলায় ফেনসিডিলসহ দু'জন আটক
- ডিমলায় প্রতারণা মামলায় ডাক্তারসহ আটক ২
- আতাইকুলিয়া জনস্বাস্থ্যকেন্দ্রের চার ক্যাডার অফিসার গ্রেপ্তার
- সেনবাগ পৌর মেয়র শাহ আলম চৌধুরীর দ্বিতীয় মৃত্যুবার্ষিকী পালিত
- মহাদেবপুরে ৩ যুবককে গণধোলাই
- বড়াইগ্রামে অধ্যক্ষের বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

সর্বশেষ সংবাদ সর্বাধিক পঠিত সর্বাধিক মতামত

- উত্তরার বন্দুকযুদ্ধ : অনেক কিছু এখনো পরিষ্কার নয় (২৪২১)